

ফতওয়া নং ৩৯৬

প্রশ্ন:

মাসুমা নাম রাখা কি জায়েয ?

উত্তর:

“মাসুমা” নাম রাখা ঠিক নয়। কারণ, এর অর্থ হলো নিষ্পাপ। আর নিষ্পাপ হওয়া একমাত্র নবী-রসূলদের বিশেষত্ব।

মুহাম্মদ ইবনু আমর ইবনু আত্বা (রহঃ) থেকে বর্ণিতঃ

যাইনাব বিনতু আবু সালামাহ (রাঃ) তাকে প্রশ্ন করেন, তোমার মেয়ের কি নাম রেখেছো? তিনি বললেন, আমি, তার নাম রেখেছি বাররা (পুণ্যবতী)। অতঃপর তিনি বললেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহি আলাইহি ওয়া সাল্লাম) এ ধরনের নাম রাখতে বারণ করেছেন। আমার নামও বাররা রাখা হয়েছিল। নবী (সাল্লাল্লাহি আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ “তোমরা নিজেদের পরিশুদ্ধ দাবি করো না। কেননা আল্লাহই ভাল জানেন, তোমাদের মধ্যে কে পুণ্যবান”। অতঃপর তিনি বললেন, আমি এর কি নাম রাখবো? নবী (সাল্লাল্লাহি আলাইহি ওয়া সাল্লাম) বললেন, এর নাম রাখো যাইনাব।

(সুনানে আবু দাউদ, হাদিস নং ৪৯৫৩)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

২৯ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (07/06/2024)